

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, ঢাকা।

নথি নং- ৫-(২০)৪৮/ফ্রেইট ফরওয়ার্ডার্স-লাইঃ/বিধিমালা/০৬

তারিখ : ১৭-০৪-২০১৩।

প্রেরকঃ লাইসেন্সিং কর্তৃপক্ষ
কাস্টম হাউস, ঢাকা।

প্রাপকঃ সভাপতি/সাধারণ সম্পাদক
বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এ্যাসোসিয়েশন
বাড়ী নং-৪৫/ই, রোড নং-১৩/সি
বনানী, ঢাকা-১২১৩

বিষয় : লাইসেন্স ফি এর বিপরীতে আদায়যোগ্য মূসক পরিশোধ না করায় জমা প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিগত ২০০৮ সাল থেকে এ দপ্তর থেকে নিয়মিত ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স ইস্যু করা হচ্ছে। এ দপ্তর কর্তৃক অডিটকালে সংশ্লিষ্ট দলিলাদি পর্যালোচনায় দেখা যায় যে, লাইসেন্স ইস্যুর নিমিত্তে দাখিলকৃত সমুদয় অর্থ (লাইসেন্সের আবেদন ফি-৫০০০/-, লাইসেন্স ফি-৫০,০০০/-, নবায়ন ফি-১০,০০০/-প্রতি মেয়াদে) এর উপর মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৮(ঙ) অনুযায়ী ১৫% মূসক আদায় করা হয়নি। এমতাবস্থায়, কাস্টম হাউস, ঢাকার অনুকূলে ট্রেজারী চালানোর মাধ্যমে নির্দিষ্ট কোডে (১-১১৩৩-০০১৫-০৩১১) অপরিশোধিত মূসক সকল সদস্যকে অবিলম্বে পরিশোধ করে চালানোর মূল কপি এই দপ্তরে জমা প্রদানের বিষয়ে সকল সদস্যকে অবহিত করার জন্য আপনাকে/আপনাদেরকে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

(মোঃ জিয়াউর রহমান খান)
এসিস্টেন্ট কমিশনার

ও

সদস্য, লাইসেন্সিং কর্তৃপক্ষ
কাস্টম হাউস, ঢাকা।